



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আইসিটি কার্যালয়
চাটখিল, নোয়াখালী
www.doict.chatkhil.noakhali.gov.bd

সভাপতি	মিজানুর রহমান উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	২২ জুন ২০২৫ খ্রি.
সভার সময়	বিকাল ০৩.৩০ ঘটিকায়
স্থান	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, চাটখিল, নোয়াখালী
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর উপজেলা আইসিটি কর্মকর্তা জনাব মোহাম্মদ মিজানুর রহমান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচনা : সভাপতি মহোদয় কিশোর কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধের বিষয়ে কমিটির সদস্যদের নিকট হতে উন্মুক্ত মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। চাটখিল থানার অফিসার ইন-চার্জ সভায় জানান, কিশোর কিশোরী বা কেউ সাইবার অপরাধের ভিকটিম হন তবে তাৎক্ষণিকভাবে থানায় জিডি করলে তিনি বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন, এছাড়া সরাসরি ট্রাইবুনালেও প্রেরণের বিষয়ে তিনি অবগত করেন। উপজেলা আইসিটি কর্মকর্তা জনাব মোহাম্মদ মিজানুর রহমান জানান সাইবার ক্রাইম বাল্যবিবাহ যৌন হয়রানি বিষয়ে একটি উঠান বৈঠক হয়। উঠান বৈঠকে নারী নির্যাতন, সাইবার ক্রাইম প্রতিরোধ সংক্রান্ত আলোচনা হয়। কিশোর-কিশোরী ক্লাব এর মাধ্যমে প্রচারনা কার্যক্রম চলমান। এছাড়া সাইবার অপরাধসহ নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে জবুরী সেবা চেয়ে হটলাইন নাম্বার ৯৯৯, ১০৯ ও ৩৩৩, হটলাইন নাম্বার গুলো প্রচার প্রচারনা করা হয়। তিনি আরো জানান সাইবার ক্রাইম আলাদা ট্রাইবুনাল আছে বলে জানান ভুক্তভোগীদের জিডি ও অভিযোগ আসলে সাথে সাথে আইনগত ভাবে ব্যবস্থা নেওয়া হয়। এছাড়া প্রতিমাসে কমিটির সভা সম্পন্ন করে কার্যবিবরণী জেলা কমিটিতে প্রেরণ করার বিষয়েও তিনি সভায় জানান।

সিদ্ধান্ত : প্রতিমাসে একে একটি স্কুল অথবা কলেজ এবং এলাকার জনপ্রতিনিধি রাজনৈতিক নেতৃবৃন্দ, সুধীসমাজের জনসাধারণদের নিয়ে কিশোর-কিশোরী ক্লাবের ছাত্র-ছাত্রীদেরসহ যার যার অবস্থান হতে জনসাধারণের মাঝে সাইবার অপরাধ প্রতিরোধে সচেতনতা সৃষ্টিতে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা আইসিটি কর্মকর্তাসহ সকল সদস্যগণের প্রতি অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিমাসে সভাশেষে যথাসম্ভব দ্রুত সভার কার্যবিবরণী প্রস্তুত পূর্বক জেলা সাইবার অপরাধ প্রতিরোধ কমিটি বরাবর প্রেরণ নিশ্চিত করার জন্য উপজেলা আইসিটি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩-০৭-২০২৫
মিজানুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০৪.৭৫১০.০০০.০০০.০৬.০০০২.২৫.৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।
- ৩। জেলা আইসিটি অফিসার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী।
- ৪। সভাপতি (মাধ্যমিক) শিক্ষক সমিতি, চাটখিল, নোয়াখালী।
- ৫। সভাপতি, (প্রাথমিক) শিক্ষক, সমিতি, চাটখিল, নোয়াখালী।



MZ

০৩-০৭-২০২৫

মোহাম্মদ মিজানুর রহমান
উপজেলা আইসিটি অফিসার